বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

www.bb.org.bd

এফইপিডি সার্কুলার পত্র নং- এফইপিডি(এফইএমপি)/০৪/২০১২- ১৪

তারিখঃ ২৭ আষাঢ়, ১৪১৯ / ১১ জুলাই, ২০১২

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**দৈনিক ফরেন এক্সচেঞ্জ পজিশন বিবরণী Rationalized Input Template (RIT) এ Web Portal এর মাধ্যমে দাখিলকরণ প্রসংগে ।**

তফসিলি ব্যাংকগুলোর নিকট থেকে ইলেকট্রনিক পদ্ধতিতে তথ্য সংগ্রহের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকে Enterprise Data Warehouse (EWD) বাস্তবায়নের কাজ চূড়ান্ত হয়েছে। এ লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাগুলো পরিপালনপূর্বক বৈদেশিক মুদ্রা নীতি বিভাগে প্রেরণযোগ্য EWD সংশ্লিষ্ট দৈনিক এক্সচেঞ্জ পজিশন বিবরণী RIT এ Web Portal এর মাধ্যমে দাখিল করতে হবে ঃ

ক) RIT যথাযথভাবে পূরণ করে আগামী ২২শে জুলাই, ২০১২ হতে নিয়মিতভাবে Web Portal এর মাধ্যমে দাখিল করতে হবে ।

খ) এতদসংক্রান্ত RIT সফট্‌কপি ইতোমধ্যে আপনাদের সংশ্লিষ্ট ই-মেইলে প্রেরিত হয়েছে । যে সকল ব্যাংক উক্ত RIT এর সফট্‌কপি পায়নি, তাদেরকে আগামী ১৮ জুলাই, ২০১২ তারিখের মধ্যে অত্র বিভাগ হতে সফট্‌কপি সংগ্রহ করতে হবে ।

গ) বিবরণী দাখিলের বিদ্যমান প্রক্রিয়া এবং Web Portal এর মাধ্যমে দাখিলের প্রক্রিয়া যুগপৎভাবে ৩১ ডিসেম্বর, ২০১২ পর্যন্ত অব্যাহত থাকবে এবং ০১ জানুয়ারী, ২০১৩ হতে শুধুমাত্র Web Portal এর মাধ্যমে সংশ্লিষ্ট তথ্য/বিবরণী দাখিল করতে হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোন : ৯৫১২১১৩ ।